

## বড় শিক্র ও ছেট শিক্র

বিভাগ/অধ্যায়ঃ বড় শিক্রের প্রকারভেদ

রচয়িতা/সম্প্রকাশকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩০. একমাত্র আল্লাহ্ তা'আলার ইচ্ছা ছাড়াও অন্য কারোর ইচ্ছা স্বকীয়ভাবে প্রতিফলিত হতে পারে এমন মনে করার শিক্র

একমাত্র আল্লাহ্ তা'আলার ইচ্ছাই স্বকীয়ভাবে প্রতিফলিত হতে পারে। অন্য কারোর ইচ্ছা নয়। সে যে পর্যায়েরই হোক না কেন।

আল্লাহ্ তা'আলা বলেন:

«إِنَّمَا أَمْرُهُ إِذَا أَرَادَ شَيْئًا أَنْ يَقُولَ لَهُ كُنْ فَيَكُونُ»

“নিশ্চয়ই আল্লাহ্ তা'আলা যখন কোন কিছু করতে ইচ্ছে করেন তখন তিনি শুধু এতটুকুই বলেন: হয়ে যাও, তখন তা হয়ে যায়”। (ইয়াসীন : ৮২)

‘আব্দুল্লাহ্ বিন् ‘আবুস (রায়িয়াল্লাহ্ আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন:

قَالَ رَجُلٌ لِّلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَا شَاءَ اللَّهُ وَحْدَهُ أَجْعَلَنِي لِلَّهِ بِلْ مَا شَاءَ اللَّهُ وَحْدَهُ

“জনেক ব্যক্তি নবী (সা.) কে উদ্দেশ্য করে বললেন: আল্লাহ্ তা'আলা এবং আপনি চেয়েছেন বলে কাজটি হয়েছে। নতুবা হতো না। তখন নবী (সা.) বললেন: তুমি কি আমাকে আল্লাহ্ তা'আলার শরীক বানাচ্ছো? এমন কথা কখনো বলবে না। বরং বলবে: একমাত্র আল্লাহ্ তা'আলাই চেয়েছেন বলে কাজটি হয়েছে। নতুবা হতো না”।

(আহমাদ : ১/২১৪, ২২৪, ২৮৩, ৩৪৭ বুখারী/আদাবুল মুফরাদ, হাদীস ৭৮৩ নাসায়ী/আমালুল ইয়াওমি ওয়াল্লাইলাত্, হাদীস ৯৮৮ বায়হাকী : ৩/২১৭ ত্বাবারানী/কাবীর, হাদীস ১৩০০৫, ১৩০০৬ আবু নু'আইম/হিল্ইয়াহ : ৪/৯৯)

Source — <https://www.hadithbd.com/books/link/?id=11639>

১. হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন